গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬-22

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন চাকিরপশার ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: মানিক মিয়া এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৪/১; তারিখ: ১৮/০১/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত শিক্ষক-কর্মচারীদের নতুন এমপিও আবেদন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.২ (ক) অনুচ্ছেদ অনুযায়ী গঠিত এমপিও বাছাই ও অনুমোদন কমিটি কর্তৃক জানুয়ারি/২০২৬ মাসের এমপিও যাচাই বাছাইয়ে পরিলক্ষিত হয় যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন চাকিরপশার ইসলামিয়া দাখিল মাদ্রাসায় কম্পিউটার ল্যাব অপারেটর পদে মহাপরিচালকের প্রতিনিধির জাল চিঠি তৈরি করা, ভুয়া নিয়োগ বোর্ড গঠন করে ফলাফল শীট তৈরি করা এবং ডিজি প্রতিনিধির স্বাক্ষর জাল করে জনাব মো: মাঈনুল ইসলাম এর জানুয়ারি-২০২৬ মাসে নতুন এমপিওভুক্তির জন্য আবেদন প্রেরণ করা হয়। অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত টিম কর্তৃক যাচাই বাছাই কালে উক্ত ভুয়া চিঠি ও ফলাফল বিবরণী চিহ্নিত করে জনাব মো: মাঈনুল ইসলাম নতুন এমপিও আবেদন বাতিল এর সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, মহাপরিচালকের প্রতিনিধির জাল চিঠি তৈরি করা, ভুয়া নিয়োগ বোর্ড গঠন করে ফলাফল শীট তৈরি করা এবং ডিজি প্রতিনিধির স্বাক্ষর জাল করে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব মো: মাঈনুল ইসলাম এর নতুন এমপিও আবেদন প্রেরণ করায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী সুপার জনাব মো: মানিক মিয়া এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হলো। আপনার বেতন ভাতা (এমপিও) কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে আগামী ৫ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। জনাব মো: মানিক মিয়া (ইনডেক্স নং: R2026675)
সুপার, চাকিরপশার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম
৪। সভাপতি, চাকিরপশার ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬-২৬

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন কানুরাম সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: ছাইফুল ইসলাম এবং জুনিয়র মৌলভী জনাব মো: আবুল কাশেম এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৪/১; তারিখ: ১৮/০১/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "মাদ্রাসা সুপারদের নিয়োগ সিন্ডিকেট: ডিজির প্রতিনিধির চিঠি জাল করে ২০ পদে ভুয়া এমপিও" শিরোনামে দৈনিক সমকাল পত্রিকায় ১২/০১/২০২৬ তারিখে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। প্রতিবেদনে বলা হয় "কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলার বিভিন্ন মাদ্রাসায় নিয়োগ জালিয়াতির এক ভয়াবহ চিত্র উঠে এসেছে। ডিজির প্রতিনিধির চিঠি ও পদের অনুমোদনপত্র জাল করে একের পর এক ভুয়া নিয়োগ ও এমপিওভুক্ত করা হচ্ছে। গত ০৫ (পাঁচ) মাসে এই অসাধু প্রক্রিয়ায় অন্তত পাঁচ কোটি টাকা হাতিয়ে নিয়েছে একটি সংঘবদ্ধ চক্র। অভিযোগের পরিপ্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় রাজারহাট উপজেলার কানুরাম সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসার জুনিয়র মৌলভী পদে জনাব মো: আবুল কাশেমকে সম্পূর্ণ ভুয়া কাগজপত্র সৃজন করে নিয়োগ দেখানো হয়েছে। উক্ত ভুয়া নিয়োগের মাধ্যমে তিনি ০১/০৯/২০২৫ তারিখে এমপিওভুক্ত হন।

এমতাবস্থায়, এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার জুনিয়র মৌলভী জনাব মো: আবুল কাশেম এবং ভুয়া এমপিও আবেদন প্রেরণের কারণে সুপার জনাব মো: ছাইফুল ইসলাম এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হলো। আপনাদের বেতন ভাতা (এমপিও) কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে আগামী ৫ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০১/২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। জনাব মো: ছাইফুল ইসলাম, (ইনডেক্স নং: R388910),
সুপার, কানুরাম সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
২। জনাব মো: আবুল কাশেম (ইনডেক্স নং: M0063131),
জুনিয়র মৌলভী, কানুরাম সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম
৪। সভাপতি, কানুরাম সিদ্দিকিয়া দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০১.২৬-28

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আব্দুল আউয়াল এবং সহকারী মৌলভী জনাব আরিফুন্নাহার মুন্নী এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৬-১৪/১; তারিখ: ১৮/০১/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "মাদ্রাসা সুপারদের নিয়োগ সিন্ডিকেট: ডিজির প্রতিনিধির চিঠি জাল করে ২০ পদে ভুয়া এমপিও" শিরোনামে দৈনিক সমকাল পত্রিকায় ১২/০১/২০২৬ তারিখে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। প্রতিবেদনে বলা হয় "কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলার বিভিন্ন মাদ্রাসায় নিয়োগ জালিয়াতির এক ভয়াবহ চিত্র উঠে এসেছে। ডিজির প্রতিনিধির চিঠি ও পদের অনুমোদনপত্র জাল করে একের পর এক ভুয়া নিয়োগ ও এমপিওভুক্ত করা হচ্ছে। গত ০৫ (পাঁচ) মাসে এই অসাধু প্রক্রিয়ায় অন্তত পাঁচ কোটি টাকা হাতিয়ে নিয়েছে একটি সংঘবদ্ধ চক্র। অভিযোগের পরিপ্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় রাজারহাট উপজেলার বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী পদে আরিফুন্নাহার মুন্নীকে জাল জালিয়াতিপূর্নভাবে ফলাফল বিবরণী সৃজন করে নিয়োগ দেখানো হয়েছে। উক্ত ভুয়া নিয়োগের মাধ্যমে তিনি ০১/১০/২০২৫ তারিখে এমপিওভুক্ত হন।

এমতাবস্থায়, এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মাদ্রাসার সহকারী মৌলভী জনাব আরিফুন্নাহার মুন্নী এবং ভুয়া এমপিও আবেদন প্রেরণের কারণে সুপার জনাব মো: আব্দুল আউয়াল এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হলো। আপনাদের বেতন ভাতা (এমপিও) কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না মর্মে আগামী ৫ কর্মদিবসের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/০১/২৬

মোহাম্মদ শুকুর আলম মজুমদার
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১। জনাব মো: আব্দুল আউয়াল (ইনডেক্স নং: M0075935),
সুপার, বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
২। জনাব আরিফুন্নাহার মুন্নী (ইনডেক্স নং: M0075935),
সহকারী মৌলভী, বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম
৪। সভাপতি, বড়ঘাট গমির উদ্দিন দাখিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Scanned with CamScanner